



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
প্রজেক্ট ক্রেডিট বিভাগ

ফোন : ৯৫৫৭৯৮৮
ফ্যাক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০৩১-৩৫
(এক্সটেনশন-৩৪৪)
e-mail : dgmpid@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/প্রক্রেবি-৩(৩৬)/২০১৬-২০১৭/২১৪

তারিখ : ১৫.১১.২০১৬

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
ও
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
বাংলাদেশ কৃষি ব্যাংক

“পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন”

“ভাগিদপত্র -১”

বিষয় : ২০১৬-২০১৭ অর্থ বছরে কৃষি ভিত্তিক শিল্প প্রকল্প ঋণ, ও গ্রীন ব্যাংকিং ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বর্ণিত বিষয়ে অত্র বিভাগের ১৬.০৬.২০১৬ইং তারিখের নং-বিকেবি-প্রকা/প্রক্রেবি-৩(৩৬)/২০১৬-২০১৭/৫২১ নম্বর পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।


০২। ২০১৬-২০১৭ অর্থ বছরের কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ঋণ/গ্রীন ব্যাংকিং খাতে ঋণ বিতরণের জন্য ৭০০.০০ কোটি টাকা বিভাগওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেওয়া হয়। উক্ত লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১.১০.২০১৬ তারিখ ভিত্তিক ঋণ বিতরণ, অর্জন অত্যন্ত হতাশাব্যঞ্জক; যাহা নিম্নে দেখানো হলোঃ

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	প্রকল্প ঋণ			চলতি মূলধন ঋণ (কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ঋণের আওতায় উৎপাদন পণ্য বিপণন/ট্রেডিং ও ওয়ার্কিং ক্যাপিটাল)			গ্রীন ব্যাংকিং		
		লক্ষ্যমাত্রা	অর্জন	হার	লক্ষ্যমাত্রা	অর্জন	হার	লক্ষ্যমাত্রা	অর্জন	হার
০১	ঢাকা	৬০.০০	০.৬২	১%	৮৬.০০	১.৬৮	২%	৪.০০	-	-
০২	চট্টগ্রাম	৩০.০০	১.০৬	৪%	৭৬.০০	০.১০	-	৪.০০	-	-
০৩	খুলনা	১০.০০	০.১৪	১%	২৬.০০	১.৮৮	৬%	৪.০০	-	-
০৪	বরিশাল	১.৫০	-	-	১২.০০	০.১৪	১%	০.৫০	-	-
০৫	কুষ্টিয়া	১০.০০	০.২৪	২%	৩৬.০০	১.২৪	৩%	১.০০	-	-
০৬	সিলেট	২০.০০	২.৪১	১২%	৩৯.০০	০.৩৭	১%	১.০০	-	-
০৭	ময়মনসিংহ	১০.০০	০.০৫	১%	৩৭.৫০	০.১৯	১%	০.৫০	-	-
০৮	কুমিল্লা	৩০.০০	০.০৩	-	৩৯.৫০	০.৬১	১%	০.৫০	-	-
০৯	ফরিদপুর	১.৫০	-	-	৩৩.০০	০.৪৯	১%	০.৫০	০.৪৯	৯৮%
১০	স্থানীয় মুখ্য কার্যালয়	৫০.০০	৪.৫৩	৯%	৭২.০০	-	-	৪.০০	-	-

০২। প্রসংগত উল্লেখ্য, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ কর্তৃক চলতি বছরের ৩০.০৯.২০১৬ তারিখ ভিত্তিক সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রার অর্জন নিয়ে পরিচালনা পর্ষদের ৩১.১০.২০১৬ তারিখে অনুষ্ঠিত ৬৭২তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ বিষয়টি অবহিত হন এবং ব্যাংকের ঋণ বিতরণ, আদায়সহ সার্বিক পারফরমেন্স লক্ষ্যমাত্রার বিপরীতে অনেক পিছিয়ে থাকায় চরম অসন্তোষ প্রকাশ করা হয়। দ্রুততম সময়ের মধ্যে ব্যাংকের সার্বিক পারফরমেন্স সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার সকল ব্যবস্থা গ্রহণের জন্য ব্যাংক ব্যবস্থাপনাকে পর্ষদ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়াও উপরোক্ত তথ্য হতে প্রতীয়মান হয় যে, গ্রীন ব্যাংকিং (পরিবেশ বান্ধব) খাতে মোটেই ঋণ বিতরণ করা হয়নি। গ্রীন ব্যাংকিং খাতে ঋণ বিতরণ না করায় বাংলাদেশ ব্যাংকের নিকট এ ব্যাপারে প্রধান কার্যালয়কে জবাব দিহিতার সম্মুখীন হতে হচ্ছে।

০৩। এমতাবস্থায়, ২০১৬-২০১৭ অর্থ বছরে বিভাগওয়ারী প্রদত্ত কৃষি ভিত্তিক শিল্প, প্রকল্প ঋণ, গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জনে সকল প্রকার কল্যাণকৌশল প্রয়োগের মাধ্যমে ১০০% অর্জন নিশ্চিত করার জন্য সদয় অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(প্রকৌঃ মনীন্দ্র চন্দ্র মন্ডল)
উপ-মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

- ০১। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ঢাকা (পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। অফিস কপি।